

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৯৮

পর্ব-৬: যাকাত (الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

بَابُ فَضْلِ الصَّدَقَةِ

আরবী

وَعَنْ أَبِي ذَرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ بِكُلِّ تَسْبِيحٍ صَدَقَةً وَكُلُّ  
تَكْبِيرٍ صَدَقَةً وَكُلُّ تَحْمِيدٍ صَدَقَةً وَكُلُّ تَهْلِيلٍ صَدَقَةً وَأَمْرٌ بِالْمَعْرُوفِ صَدَقَةً وَنَهْيٌ عَنِ  
الْمُنْكَرِ صَدَقَةً وَفِي بُضْعِ أَحَدَكُمْ صَدَقَةً» قَالُوا: يَا رَسُولَ اللَّهِ أَيَّاً تَرِي أَحَدُنَا شَهَوَتَهُ  
وَيَكُونُ لَهُ فِيهَا أَجْرٌ؟ قَالَ: «أَرَأَيْتُمْ لَوْ وَضَعَهَا فِي حَرَامٍ أَكَانَ عَلَيْهِ فِيهِ وِزْرٌ؟ فَكَذَّلِكَ إِذَا  
وَضَعَهَا فِي الْحَلَالِ كَانَ لَهُ أَجْرٌ» . رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

১৮৯৮-[১] আবু যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রত্যেক 'তাসবীহ' অর্থাৎ সুবহা-নাম্ব-হ বলা সদাকাহ (সাদাকা), প্রত্যেক 'তাকবীর' অর্থাৎ আল্ল-হ আকবার বলা সদাকাহ (সাদাকা), প্রত্যেক 'তাহমীদ' বা আলহাম্দুলিল্লাহ-হ বলা সদাকাহ (সাদাকা)। প্রত্যেক 'তাহলীল' বা 'লা-ইলা-হা ইল্লাহ-হ' বলা সদাকাহ (সাদাকা)। নেককাজের নির্দেশ দেয়া, খারাপ কাজ থেকে ফিরিয়ে রাখা সদাকাহ (সাদাকা)। নিজের স্ত্রী অথবা দাসীর সাথে সহবাস করাও সদাকাহ (সাদাকা)। সাহাবীগণ আরয করলেন, হে আল্লাহর রসূল! আমাদের কেউ যদি নিজের কামভাব চরিতার্থ করে তাতেও কি সে সাওয়াব পাবে? উত্তরে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমাকে বলো, কোন ব্যক্তি যদি হারাম উপায়ে কামভাব চরিতার্থ করে তাহলে সেকি গুনাহগার হবে না? ঠিক এভাবেই হলাল উপায়ে (স্ত্রী অথবা দাসীর সাথে) কামভাব চরিতার্থকারী সাওয়াব পাবে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১০০৬, আহমাদ ২১৪৮২, সুনানুল কুবরা লিল বাযহাকী ৭৮২৩, সিলসিলাহ আস্স সহীহাহ ৮৫৪, সহীহ আত্ম তারগীর ১৫৫৬, সহীহ আল জামি‘ আস্স সগীর ২৫৮৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: شدّتْ سُنْنَةٌ سَهْبَاسٌ إِذَا بُضْعَ أَحَدُكُمْ صَدَقَهُ (وَفِي بُضْعٍ أَحَدُكُمْ صَدَقَهُ) শব্দটি স্ত্রী সহবাস এবং লজ্জাস্থান দু'টির ক্ষেত্রেই ব্যবহৃত হতে পারে। যেমনটি বলেছেন ইমাম নাবাবী (রহঃ)। (وَفِي) তথা স্ত্রী সহবাসের মধ্যে বলা হয়েছে, এ কথা বলা হয়নি যে, সরাসরি স্ত্রী সহবাস করার মাধ্যমে। এ কথা বুবা যায় যে, স্ত্রী সহবাস করা সদাকাহ্ (সাদাকা) নয় বরং স্ত্রী সহবাসের মাধ্যমে নিজেকে পরনারী থেকে সংবরণ করার প্রক্ষিতে সদাকার সাওয়াব হবে। বশ্রত স্ত্রীর হক আদায় করা, সৎ সন্তান কামনা করা এগুলো সদাকাহ্ (সাদাকা) হিসেবে পরিগণিত।

(إِذَا وَصَعَهَا فِي الْحَالَ) অর্থাৎ হারাম থেকে বিরত থেকেছে অথচ মানুষের অন্তর হারামের দিকেই ঝুকে যায় এবং হারাম কাজ করেই হালালের চেয়ে বেশী স্বাদ পেয়ে থাকে। কেননা প্রতিটি নতুন জিনিসের রয়েছে নতুন স্বাদ, অভ্যাসগত কারণে আত্মা সেদিকে বেশী ধাবিত, শায়তন (শয়তান) তার জন্য সহযোগিতায় সর্বাধিক অগ্রগামী এবং পরিশ্রমটাও অনেক কম হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশার: হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56458>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন